R.N. No.2532/87 Ph.-266228 (Press), STD 03483, M-8436330907 P. Regd. No.MSD/05/2010-12

উন্নতমানের পাগ মিল চিমনী ইটের জন্য যোগাযোগ করুন।
**ইউনাইটেড ব্রীক্স**
ওসমানপুর, পোঃ-জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন নং- 03483 - 264271
M - 9434637510
পরিবেশ দূষণ মুক্ত করতে বৃক্ষরোপণ করুন। ভূ-গর্ভস্থ জলের অপচয় রুখতে বৃষ্টির জল সংরক্ষণ করুন।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W.B)
প্রতিষ্ঠাতা – স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং-১২/১৯৯৬-৯৭
(মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক অনুমোদিত)
ফোন ঃ ২৬৬৫৬০
রঘুনাথগঞ্জ।। মুর্শিদাবাদ
মৃগাঙ্ক ভট্টাচার্য্য - সভাপতি
শত্রুঘ্ন সরকার - সম্পাদক

৯৮ বর্ষ
৩৪শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৩রা মাঘ, ১৪১৮।
১৮ই জানুয়ারী ২০১২ সাল।
নগদ মূল্য : ২ টাকা
বার্ষিক : ১০০ টাকা

## ব্যাঙ্কের স্থান নির্বাচনে দুর্নীতি – প্রণববাবুর মদতেই কি এরা লুটেপুটে খাচ্ছে ?

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুরের সাংসদ প্রণব মুখার্জী তাঁর নির্বাচনী এলাকার আর্থসামাজিক উন্নয়নের দিকে লক্ষ্য রেখে এলোপাথারি ব্যাঙ্কের শাখা খুলে চলেছেন। এই সব শাখা মহকুমার প্রধান শহর রঘুনাথগঞ্জ বা জঙ্গিপুর কেন্দ্রীক হলেও বাস্তবে শহরের মানুষ বা ব্যবসায়ীরা সে রকম কোন পরিষেবা পাচ্ছেন না বলে অভিযোগ। এর প্রধান অন্তরায় নিরাপত্তার অভাব। অন্যদিকে খবর, শহরের মধ্যে প্রধান রাস্তার ধারে ব্যাঙ্কের উপযোগী বাড়ী থাকলেও বা ব্যাঙ্ক কর্তৃপক্ষ সে সব বাড়ী দেখে গেলেও শেষ পর্যন্ত কিছু হয়নি। একটা বিশেষ চক্র গোপন লেনদেনে কয়েকজন বাড়ী মালিককে অর্থ উপার্জনের ব্যবস্থা করে দিচ্ছে বলে খবর। প্রণব মুখার্জীর ছায়াসঙ্গীর সুযোগকে হাতিয়ার করে এরা অর্থ রোজগারের পথ করে নিয়েছে। যার সুবাদে ইণ্ডিয়ান ওভারসীজ্ ব্যাঙ্কের শাখা, মিঞাপুর উল্লেখ থাকলেও সেখানে ব্যাঙ্কটি আদৌ খোলা হয়নি। শাখাটি খোলা হয়েছে উমরপুর-জরুর রাস্তায় পুলিশ ক্যাম্পের পাশে। অথচ মিঞাপুরের গুরুত্ব আজ সব কিছুর দিক দিয়ে প্রাধান্য পাবে। চালের বৃহৎ পাইকারী ব্যবসা ছাড়াও পোষ্ট অফিস, রেল ষ্টেশন, স্বাস্থ্যকেন্দ্র, বি.এড. কলেজ, প্রাইমারী স্কুল, পঞ্চায়েত অফিস, ঘন জনবসতি, একাধিক বিড়ি কোম্পানী সেখানে বর্তমান। এসবের দিক দিয়ে ওখানে একটা ন্যাশানালাইজড ব্যাঙ্ক অবশ্যই প্রয়োজন। বাড়ী মালিকের সঙ্গে বখরা করে ঐ দুষ্টু চক্রের কারসাজিতে সেটি চলে গেল পরিধি পেরিয়ে। একইভাবে ইউকো ব্যাঙ্ক রঘুনাথগঞ্জ শাখার অবস্থান উমরপুর জাতীয় সড়কের ধারে সোনার বাংলা হোটেল চত্বরে। সম্প্রতি ঐ চক্রের তৎপরতায় গোপালনগরে চালু হয়েছে ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স, জঙ্গিপুর শাখা। খবর – ঐ বিল্ডিং এর আর এক ফ্লোরে উদ্বোধনের অপেক্ষায় সময় গুণছে এইচ.ডি.এফ.সি, জঙ্গিপুর শাখা। আরও খবর, ঐ বিল্ডিং এর গ্রাউণ্ড ফ্লোরে চালু হয়েছে কেন্দ্রীয় সরকারের আর একটি সংস্থা। সব কিছুর অন্তরালে চলছে টাকার খেলা। একই কেরামতিতে কয়েক বছর আগে চালু হয়েছে গোপালনগরের একটি লজে সিণ্ডিকেট ব্যাঙ্ক, জঙ্গিপুর শাখা। খড়খড়ি নদীর ধারে পুর টোল ট্যাক্স আদায়ের গুমটির পেছনে উদ্বোধনের অপেক্ষায় আই.সি.আই.সি.আই. ব্যাঙ্ক। উল্লেখ্য, রঘুনাথগঞ্জ পুর শহর এলাকার ১০টি ওয়ার্ডের মধ্যে সম্প্রতি কোন ন্যাশানালাইজড ব্যাঙ্ক চালু হলো না ঐ (২য় পাতায়)

## এ.পি.এল.-এ গম আসছে এ সপ্তাহে

নিজস্ব সংবাদদাতা : ২০১২-র প্রথম সপ্তাহ থেকে রেশনে এ.পি.এল. আওতাভুক্ত কার্ডধারীদের ভাগ্যে গম জোটেনি। শুধু কেরোসিন হাতে বাড়ী ফিরতে হয়। এই প্রসঙ্গে গত ১৬ জানুয়ারী ডিষ্ট্রিক্ট কনট্রোলার অব ফুড সমীর-দের সাথে যোগাযোগ করলে তিনি জানান – টাকার ঘাটতি থাকায় এফ.সি.আই. থেকে গম কেনা সম্ভব হয়নি। বর্তমানে টাকা এসে গেছে। সারা বছর সাবসিডি দিয়ে এই প্রক্রিয়া চালু রাখতে হয়। চাল সম্বন্ধে প্রশ্ন করলে তিনি জানান – বর্তমানে লোকাল মিল মালিকদের কাছ থেকে চাল কেনা হচ্ছে। এটা এফ.সি.আই.-এর ছত্তিশগড়ের চালের থেকে অনেক উন্নতমানের। গ্রাহকদের কাছ থেকেও কোন আপত্তি আসেনি। সমীরবাবু আরো জানান, চলতি মাসে আগের দু'সপ্তাহ বাদ যাওয়া গমও আমরা দিয়ে দেব।

## ১০ হাজার পরিবারকে বিপিএল কার্ড

নিজস্ব সংবাদদাতা : ধুলিয়ান পুরসভার উদ্যোগে ১৬ জানুয়ারী কাঞ্চনতলা বড় তরফের মাঠে এক সভায় দারিদ্রসীমার নিচে বসবাসকারী ১০,০০০ পরিবারের মধ্যে বি.পি.এল কার্ড বিলি করা হয়। ঐ একই অনুষ্ঠানে 'জাতীয় সামাজিক নিরাপত্তা ভাতা' পান ১০৩ জন পরিবার ১০,০০০ টাকা করে। কর্মরত অবস্থায় যে সব কর্মী মারা গেছেন তাদের পরিবারের জন্য এই প্রকল্প চালু থাকলেও আগের বোর্ড কোন গা করেনি। একথা জানান বর্তমান পুরপতি মেহেবুব আলম। বেলা ১১ টা থেকে বিকেল ৪.৩০ পর্যন্ত এই অনুষ্ঠান চলে। সেখানে উপস্থিত ছিলেন রাজ্য যুব কংগ্রেসের সম্পাদক ইসলাম খান, ফরাক্কার বিধায়ক মাইনুল হক প্রমুখ।

## ভূগোল মঞ্চের শুভ উদ্যোগ

নিজস্ব সংবাদদাতা : বঙ্গীয় ভূগোল মঞ্চের জঙ্গিপুর শাখা গত ১২ জানুয়ারী '১২ স্থানীয় রবীন্দ্রভবনে এক মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করে। সেখানে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ছাত্র-ছাত্রীদের পরীক্ষার আগে প্রস্তুতিকরণের লক্ষ্যে ঐদিন বিকেল পর্যন্ত লাগাতার অনুশীলন, চর্চা, মত বিনিময় ইত্যাদি প্রক্রিয়া চালু থাকে। প্রথম পর্বে সভাপতিত্ব করেন মহকুমা শাসক এনাউর রহমান। স্বামী বিবেকানন্দ স্মরণে ও মঞ্চের শুভ প্রচেষ্টাকে ধন্যবাদ দিয়ে বক্তব্য রাখেন রঘুনাথগঞ্জ থানার নবাগত আই.সি লোকমান হোসেন ও জঙ্গিপুরের পুরপিতা মোজাহারুল ইসলাম।

**রূপ চর্চায় আমরা আছি – থাকবো**
আধুনিক ছোঁয়ায় বিয়ের কনে বা নববধূ এবং তত্ত্ব সাজানোতে আমরাই এখানে শেষ কথা।
যোগাযোগ – ৯৪৭৪৭০৭৬৯৯



বিয়ের বেনারসী, স্বর্ণচরী, কাঞ্জিভরম, বালুচরী, ইক্কত বোমকায়, পৈটানি, আরিষ্টিচ, জারদৌসী, কাঁথাষ্টিচ, গরদ, জামদানী, জ্যাকার্ড, মুর্শিদাবাদ সিল্ক শাড়ী, ঢাকায় জামদানী, কালার থান, মেয়েদের চুড়িদার পিস, টপ, ড্রেস পিস, পাইকারী ও খুচরো বিক্রী করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।
ঐতিহ্যবাহী সিল্ক প্রতিষ্ঠান
**গৌতম মনিয়া**
ষ্টেট ব্যাঙ্কের পাশে [মির্জাপুর প্রাইমারী স্কুলের উল্টো দিকে (এ.সি.)]
পোঃ-গনকর (মুর্শিদাবাদ) ফোনঃ২৬২০৪১/২৬২১৭৬, মোবাইল-৯৪৩৪০০০৭৬৪/৯৩৩২৫৬৯১৯১
।। পেমেন্টের ক্ষেত্রে আমরা সবরকম কার্ড গ্রহণ করি।।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

৩রা মাঘ বুধবার, ১৪১৮

# পার্বণে : পৌষ

শীত শুধু ফসলের ঋতু নয়, সম্ভোগের ঋতু। উৎসবের ঋতুও। বাংলার ঘরে ঘরে আসে স্বাচ্ছল্য এবং তা আর্থিক। সামাজিকতা, লোক-লোকাচার দেখা যায় এই সময়। পৌষ পার্বণ, সাগরে স্নান, মেলানুষ্ঠান – এই ধরনের নানা উৎসবের অনুষ্ঠান এই শীত ঋতুকে ঘিরিয়া। বহু মানুষের সমাগম, যেন নদীর জলোচ্ছ্বাসের মত ঢল নামায় সমতলে – সাগরে। শীতের উত্তুরে হাওয়ার দাপ-দাপানি উপেক্ষা করিয়া দেশ-দেশান্তর হইতে উৎসবের আঙিনায় আসিয়া হাজির বহু মানুষ – তাহাদের কেহ হইল দর্শনার্থী, কেহ তীর্থযাত্রী, কেহ পুণ্যার্থী। এ দেশে বারো মাসে তেরো পার্বণ তো আছেই। পার্বণ মানে তো উৎসব আর উৎসবের মৌল কথা হইল সম্মিলন।

মেলানুষ্ঠান এমনি এক পার্বণ। এখানে আত্মিক এবং আবহ গড়িয়া উঠে। মকর সংক্রান্তি উপলক্ষ্যে অনুষ্ঠিত সাগর মেলা চেনা-অচেনা, দেশি-বিদেশি, ধনী-দরিদ্র, সাধু-তস্কর – নানা সম্প্রদায়ের মানুষের উপস্থিতিতে সাগর হইয়া উঠে মহাভারত – বলা ভাল ভারততীর্থ। মহামিলনের মিলন ভুমি হইয়া উঠে এই জাতীয় মেলা। আমাদের দেশ মেলার বৈচিত্রে এবং চারিত্রিক বিশিষ্টতায় অনন্য। শীতের হাওয়ার নাচন আমলকীর ডালে ডালে শুরু হওয়ার সঙ্গে সঙ্গে পৌষ মেলায় সাজ সাজ ডাক পড়িয়া যায়। বাউল গান এবং অন্যান্য লোকগানে শান্তিনিকেতনের মেলার মাঠ মুখরিত হইয়া উঠে। আলোর বন্যার সঙ্গে জনবন্যার উচ্ছ্বসিত উর্মিমালা যেন বোলপুর ভুবনডাঙার মাঠে আছড়াইয়া পড়ে। বহু মানুষের পদনিক্ষেপে মেলা প্রাঙ্গণ হইয়া উঠে লোক সংস্কৃতি ও লোক জীবনের পাঁচালি অথবা পদাবলী। সাগরের মতো নদীতেও নামে জনস্রোত। অজয়ের কদমখন্তির ঘাটে জাগে জনোচ্ছ্বাস মকরের পুণ্য তিথিতে। সেখানে পৌষালী বাতাসে আউল-বাউলের গান ভাসিয়া বেড়ায়। বহু বাউলের সমাগম জয়দেব কেঁদুলির মেলাকে এক বিশেষ স্বাতন্ত্র্য দিয়াছে।

মেলার মতো সারা শীত জুড়িয়া বাংলার আনাচে কানাচে চলিয়াছে পিকনিক বা পৌষালো বা চড়ুইভাতির ছড়াছড়ি। মাইকে-অ-মাইকে ছুটিতেছে তাহাদের স্বর লহরী – সুর লহরী হেথা হোথা আর অন্য কোনখানে। মহকুমা শহর রঘুনাথগঞ্জও বাদ পড়েনি এই তালিকায়।নিত্যই চলিতেছে দূরাগত মানুষের সানন্দ উপস্থিতি এখানের সুভাষ দ্বীপে। এপারের পথঘাট তাহাদের গাড়ির গর্জনে, মাইকের গানের তীব্র আওয়াজে রীতিমত থতোমতো খাওয়ার অবস্থা। বহু মানুষের আসা-যাওয়ায় এই শহরও এখন মরসুমে ভারি। উৎসবের-অনুষ্ঠানের কোন খামতি নাই কোথাও।

## যুব সংসদের প্রশ্নোত্তর অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ রবীন্দ্রভবনে রাজ্য সরকারের পৃষ্ঠপোষকতায় ও জঙ্গিপুর পৌরসভার পরিচালনায় গত ২৭ ডিসেম্বর অনুষ্ঠিত হয়ে গেল যুব সংসদ ও প্রশ্নোত্তর প্রতিযোগিতা। অনুষ্ঠানে নবম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীরা অংশ নেন। সংসদে কিভাবে বিতর্ক হয়, কীভাবে কথা বলতে হয়, মতামত দেবার নীতি পদ্ধতি ইত্যাদি ব্যাপারে প্রশিক্ষণের জন্যেই এই প্রতিযোগিতা রাজ্য জুড়ে বামফ্রন্টের আমল থেকেই হয়ে আসছে। সংসদে এই প্রজন্মই আগামী দিনে নেতৃত্ব দেবে – তাই তাদের সচেতন করতে এ ধরনের অনুষ্ঠান বিশেষ জরুরী বলে মন্তব্য করেন বিধায়ক মহঃ সোহরাব। পৌরপিতা মোজাহারুল ইসলাম, উপ-পৌরপিতা অশোক সাহা ও প্রাক্তন পৌরপিতা মৃগাঙ্ক ভট্টাচার্য সকলকে ধন্যবাদ জানান। সফল ছাত্র-ছাত্রীদের পুরস্কার দেওয়া হয়।

## ফ্ল্যাট ভাড়া দেওয়া হবে

রঘুনাথগঞ্জ বাজার এলাকায় দুই কামড়ার সম্পূর্ণ পৃথক নতুন ফ্ল্যাট ভাড়া দেওয়া হবে। যোগাযোগ-
৮৯২৬১৩০৫৩৩/৯৭৩৫২৩২৯৬৪

## ভারতীয় জনতা পার্টির ডেপুটেশন

নিজস্ব সংবাদদাতা : গত ৫ জানুয়ারী '১২ ভারতীয় জনতা পার্টির স্থানীয় শাখার এক মিছিল শহর পরিক্রমা করে মহকুমা শাসকের অফিসে সাত দফা দাবী সম্বলিত ডেপুটেশন দেয়। উল্লেখযোগ্য দাবীগুলো ছিল – ১) ধান-চাল-আলুর ন্যায্য দাম চাষীদের দিতে হবে। ২) অষ্টম শ্রেণী পর্যন্ত পাশফেল প্রথা চালু রাখতে হবে। ৩) সারের ফাটকাবাজী বন্ধ করতে হবে। ৪) আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় কমপ্লেক্সের পরিবর্তে সব শ্রেণীর ছাত্র-ছাত্রীদের পড়াশোনার জন্য একটি প্রকৃত বিশ্ববিদ্যালয় তৈরী করতে হবে। ডেপুটেশনে নেতৃত্ব দেন কমল সাহা, অনমিত্র ব্যানার্জী, জ্যোতিপ্রকাশ মুখার্জী প্রমুখ।

## আমিন : তরুণ সরকার

Govt. of India - E.S.A.-Regd.No.159
সকল প্রকার ভূমি জরিপ এবং সাইড প্ল্যানের জন্য যোগাযোগ করুন। মোবাইল নং-৯৭৭৫৪৩৯৯২২
গ্রাম-ওসমানপুর (শিবতলা) পোঃ-জঙ্গিপুর, মুর্শিদাবাদ।

**ব্যাঙ্ক নিয়ে রাজনীতি–প্রণববাবুর** (১ম পাতার পর)
স্বার্থান্বেষী চক্রের প্রভাবে। প্রণববাবু কি এর কোন খবর রাখেন ? না এটাও তাঁর একটা রাজনীতি ? এ মন্তব্য রঘুনাথগঞ্জের কিছু সম্পন্ন ব্যবসায়ীর।

জঙ্গিপুর বইমেলায় প্রকাশিত হচ্ছে
অধ্যাপক আশিস রায়ের

## পুরানো সেই দিনের কথা

প্রাপ্তিস্থান : সঞ্চয়ন, সদরঘাট, ৯৪৩৪২০২৭২৮

**Govt. of West Bengal**
**Office of the Child Development Project Officer**
**Farakka ICDS Project Office, Msd.**

**Memo No. 03/ICD/FKK** **Dated : 03/1/12**

## Tender Notice

Sealed tenders are hereby invited for carrying of food stuff and other articles from Project Office godown at Shibnagar, Arjunpur to different Awcs in 9 G.Ps under Farakka Block. Tender forms alongwith the "terms & condition" will be had from Office of the Child Development Project Officer, Farakka, ICDS Project. Office on any working day w.e.f. 16/1/12 to 20/1/12 from 12 noon to 3 pm. on payment of Rs.50/- per form showing credential of Rs.1,00,000/- for one single financial year for supply / carrying of food stuff to any Govt. organization on contract basis. The credential will be considered for 2008-2009, 2009-2010 & 2010-2011 financial years only.

Sd/-
Child Development Project Officer
Farakka ICDS Project, Murshidabad.

Memo No.-01/ICD/FKK, Date-3/1/12.

ফ্যাক্স - ২৬৬০১৭

# জঙ্গিপুর পৌরসভা কার্য্যালয়

এস.টি.ডি. - ০৩৪৮৩
দূরআলাপনী - ২৬৬০৭৪

পোঃ-রঘুনাথগঞ্জ, জেলা-মুর্শিদাবাদ

স্মারক সংখ্যা : ৫৭৬০/(১০)ই.এন./১২২/১২/জে.এম.

তারিখ-১১.০১.২০১২

## নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অবহিত করা যাইতেছে যে, অধিকর্তা স্থানীয় স্বায়ত্ব শাসন দপ্তর (পশ্চিমবঙ্গ) এর মেমো নং ৬৯৮ / ডি.এল.বি./পি.-৫০৫/১৫-৯৫ তারিখ ১৩ই জুন ২০১১ অনুমোদন ক্রমে জঙ্গীপুর পৌরসভার পক্ষ হইতে নিম্নোক্ত তালিকায় উল্লেখিত সরকারী অনুমোদিত স্থায়ী শূন্যপদগুলি পূরণ করার জন্য যোগ্য পদপ্রার্থীগণের নিকট হইতে সাদা কাগজে নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ঠিকানা, বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতি এবং অন্যান্য যোগ্যতাবলী ইত্যাদি লিখিত সহকারে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে। প্রার্থীগণকে আবেদনপত্রের সহিত ২ কপি পাসপোর্ট সাইজ ফটোসহ বয়স, শিক্ষাগত যোগ্যতা ও জাতি ইত্যাদি প্রমাণ সাপেক্ষে প্রত্যয়িত কপি সংযোজন করিতে হইবে এবং তৎসহ একটি এনভেলপ খামে ছয় টাকার ডাক টিকিট বসিয়ে, প্রার্থীর স্থায়ী ঠিকানা উক্ত খামে উল্লেখ করিয়া আবেদন করিবেন। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করিতে পারিবেন। অন্যথায় উক্ত আবেদনপত্র বাতিল গণ্য হইবে। আবেদনপত্র ডাকযোগে এবং শনিবার ও ছুটির দিন ব্যতিরেকে প্রত্যহ দুপুর ১২ টা হইতে ৩ টে পর্যন্ত নিম্নসাক্ষরকারীর অফিসে জমা নেওয়া হইবে। অত্র বিজ্ঞপ্তি জারির দিন হইতে আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ আগামী ইং-২৫.০১.২০১২ বেলা ৩ ঘটিকা পর্যন্ত।

** বয়স নির্ধারিত হবে ০১.০১.২০১২ তারিখ ভিত্তি করে ** ১৮ হইতে ৪০ বৎসর।

| ক্রমিক সংখ্যা | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম | বয়স | শ্রেণী | আবশ্যকীয় যোগ্যতাবলী |
|---|---|---|---|---|---|---|
| ১. | নাইট গার্ড | ২ টি | ৪৯০০ - ১৬২০০ পি.বি.-১ জি.পি.-১৭০০ | তপশিলী জাতি, উপজাতি প্রার্থীর জন্য বয়স ১৮ হইতে ৪৫ বৎসর পর্যন্ত এবং অন্যান্য ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর প্রার্থীর জন্য বয়স ১৮ হইতে ৪৩ বৎসর পর্যন্ত। অসংরক্ষিত প্রার্থীর জন্য বয়স ১৮ হইতে ৪০ বৎসর পর্যন্ত। | অসংরক্ষিত - ১টি<br>তপশিলী জাতি - ১টি | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে অষ্টম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ। সুস্বাস্থ্য এবং খেলাধূলায় পারদর্শি প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার। |
| ২. | হেল্পার | ৫টি | ৪৯০০ - ১৬২০০ পি.বি.-১ জি.পি.-১৭০০ | | অসংরক্ষিত - ১টি<br>তপশিলী জাতি - ১টি<br>অন্যান্য অনগ্রসর শ্রেণী<br>(A -Category) - ১টি<br>(B -Category) - ১টি<br>দৈহিক প্রতিবন্ধী - ১টি<br>অসংরক্ষিত | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে অষ্টম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ। সুস্বাস্থ্য এবং খেলাধূলায় পারদর্শি প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার। |
| ৩. | মজদুর | ৮টি | ৪৯০০ - ১৬২০০ পি.বি.-১ জি.পি.-১৭০০ | | অসংরক্ষিত - ২টি<br>অসংরক্ষিত sports category - ১টি<br>তপশিলী জাতি - ৩টি<br>অন্যান্য অনগ্রসর শ্রেণী (প্রাক্তন সামরিক কর্মচারী) -১টি<br>তপশিলী জাতি (প্রাক্তন সামরিক কর্মচারী) -১টি | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে অষ্টম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ। সুস্বাস্থ্য এবং খেলাধূলায় পারদর্শি প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার। |
| ৪. | অ্যাম্বুলেন্স অ্যাটেনডেন্ট | ১টি | ৪৯০০ - ১৬২০০ পি.বি.-১ জি.পি.-১৭০০ | | অসংরক্ষিত | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে অষ্টম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ। সুস্বাস্থ্য এবং খেলাধূলায় পারদর্শি প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার। |
| ৫. | এ্যাসিসট্যান্ট মিস্ত্রী (টিউবওয়েল) | ১টি | ৪৯০০ - ১৬২০০ পি.বি.-১ জি.পি.-১৭০০ | | অসংরক্ষিত | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে অষ্টম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ ও সরকারী স্বীকৃত আই.টি.আই. প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত টিউব ওয়েল ট্রেড শংসাপত্র আবশ্যক। |
| ৬. | ওয়ার্ক সরকার | ১টি | ৪৯০০ - ১৬২০০ পি.বি.-১ জি.পি.-১৭০০ | | অসংরক্ষিত | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে নবম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ এবং রাস্তা ঘাট ইত্যাদি পরিমাপের জ্ঞান থাকা আবশ্যক। |
| ৭. | পিওন | ১টি | ৪৯০০ - ১৬২০০ পি.বি.-১ জি.পি.-১৭০০ | | অন্যান্য অনগ্রসর শ্রেণী (A -Category) - ১টি | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে অষ্টম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ। সুস্বাস্থ্য এবং খেলাধূলায় পারদর্শি প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার। |
| ৮. | ডোম | ১টি | ৪৯০০ - ১৬২০০ পি.বি.-১ জি.পি.-১৭০০ | | তপশিলী উপজাতি - ১টি | বাংলায় লেখা ও পড়ায় জ্ঞান থাকা আবশ্যক। সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে চতুর্থ শ্রেণী উত্তীর্ণ ও সুস্বাস্থ্য প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার। |

**উপরিউক্ত স্থায়ী শূন্যপদগুলি কেবলমাত্র Group-D এর ক্ষেত্রে।**

মোজাহারুল ইসলাম
পৌরপিতা
জঙ্গীপুর পৌরসভা

বিশেষ দ্রষ্টব্য : ইং-৩০.১২.২০১১ তারিখে সরকারের ঘোষিত নোটিফিকেশন মোতাবেক বয়স প্রযোজ্য।

| ফ্যাক্স - ২৬৬০১৭ | এস.টি.ডি. - ০৩৪৮৩<br>দূরআলাপনী - ২৬৬০৭৪ |
|---|---|

# জঙ্গিপুর পৌরসভা কার্য্যালয়

পোঃ-রঘুনাথগঞ্জ, জেলা-মুর্শিদাবাদ

স্মারক সংখ্যা : ৫৭৬০/(১০)ই.এন./১২২/১২/জে.এম. তারিখ-১১.০১.২০১২

## নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অবহিত করা যাইতেছে যে, অধিকর্তা স্থানীয় স্বায়ত্ব শাসন দপ্তর (পশ্চিমবঙ্গ) এর মেমো নং ৬৯৮ / ডি.এল.বি./পি.-৫০৫/১৫-৯৫ তারিখ ১৩ই জুন ২০১১ অনুমোদন ক্রমে জঙ্গীপুর পৌরসভার পক্ষ হইতে নিম্নোক্ত তালিকায় উল্লেখিত সরকারী অনুমোদিত স্থায়ী শূন্যপদগুলি পূরণ করার জন্য যোগ্য পদপ্রার্থীগণের নিকট হইতে সাদা কাগজে নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ঠিকানা, বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতি এবং অন্যান্য যোগ্যতাবলী ইত্যাদি লিখিত সহকারে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে। প্রার্থীগণকে আবেদনপত্রের সহিত ২ কপি পাসপোর্ট সাইজ ফটোসহ বয়স, শিক্ষাগত যোগ্যতা ও জাতি ইত্যাদি প্রমাণ সাপেক্ষে প্রত্যয়িত কপি সংযোজন করিতে হইবে এবং তৎসহ একটি এনভেলপ খামে ছয় টাকার ডাক টিকিট বসিয়ে, প্রার্থীর স্থায়ী ঠিকানা উক্ত খামে উল্লেখ করিয়া আবেদন করিবেন। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করিতে পারিবেন। অন্যথায় উক্ত আবেদনপত্র বাতিল গণ্য হইবে। আবেদনপত্র ডাকযোগে এবং শনিবার ও ছুটির দিন ব্যতিরেকে প্রত্যহ দুপুর ১২ টা হইতে ৩ টে পর্যন্ত নিম্নসাক্ষরকারীর অফিসে জমা নেওয়া হইবে। অত্র বিজ্ঞপ্তি জারির দিন হইতে আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ আগামী ইং-২৫.০১.২০১২ বেলা ৩ ঘটিকা পর্যন্ত।

** বয়স নির্ধারিত হবে ০১.০১.২০১২ তারিখ ভিত্তি করে ** ১৮ হইতে ৪০ বৎসর।

| ক্রমিক সংখ্যা | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম | বয়স | শ্রেণী | আবশ্যকীয় যোগ্যতাবলী |
|---|---|---|---|---|---|---|
| ১. | এল.ডি.সি. | ২ টি | ৫৪০০ - ২৫২০০<br>পি.বি.-২<br>জি.পি.-২৬০০ | তপশিলী জাতি, উপজাতি প্রার্থীর জন্য বয়স ১৮ হইতে ৪৫ বৎসর পর্যন্ত এবং অন্যান্য ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর প্রার্থীর জন্য বয়স ১৮ হইতে ৪৩ বৎসর পর্যন্ত। অসংরক্ষিত প্রার্থীর জন্য বয়স ১৮ হইতে ৪০ বৎসর পর্যন্ত। কেবলমাত্র লাইসেন্স ইন্সপেক্টর এর ক্ষেত্রে বয়স ২১ হইতে ৪০ বৎসর পর্যন্ত। | অসংরক্ষিত | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে মাধ্যমিক অথবা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ। টাইপ এবং কম্পিউটারে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২. | লাইসেন্স ইন্সপেকটার | ১টি | ৫৪০০ - ২৫২০০<br>পি.বি.-২<br>জি.পি.-২৯০০ | | অসংরক্ষিত | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে মাধ্যমিক অথবা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটারে হিসাব রক্ষার কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩. | সেনেটারী এ্যাসিস্ট্যান্ট | ৪টি | ৫৪০০ - ২৫২০০<br>পি.বি.-২<br>জি.পি.-২৬০০ | | অসংরক্ষিত - ২টি<br>তপশিলী উপজাতি - ১টি<br>অন্যান্য অনগ্রসর শ্রেণী - ১টি | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে মাধ্যমিক অথবা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪. | বুরিয়াল গ্রাউণ্ড রেকর্ডার | ১টি | ৫৪০০ - ২৫২০০<br>পি.বি.-২<br>জি.পি.-২৩০০ | | অসংরক্ষিত | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে অষ্টম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজীতে কাজ চালানোর জ্ঞান থাকা আবশ্যক। সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে মাধ্যমিক অথবা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫. | বার্ণিং ঘাট রেকর্ডার | ১টি | ৫৪০০ - ২৫২০০<br>পি.বি.-২<br>জি.পি.-২৩০০ | | তপশিলী উপজাতি | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে অষ্টম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজীতে কাজ চালানোর জ্ঞান থাকা আবশ্যক। সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে মাধ্যমিক অথবা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬. | মিস্ত্রী (টিউবওয়েল) | ১টি | ৫৪০০ - ২৫২০০<br>পি.বি.-২<br>জি.পি.-২৩০০ | | অসংরক্ষিত | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে অষ্টম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ ও সরকারী স্বীকৃত আই.টি.আই. প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত টিউবওয়েল ট্রেড শংসাপত্র আবশ্যক। তৎসহ দুই বৎসরের ঐ জাতীয় কাজের অভিজ্ঞতা আবশ্যক। |
| ৭. | (টিউবওয়েল) রেকর্ডার | ১টি | ৫৪০০ - ২৫২০০<br>পি.বি.-২<br>জি.পি.-২৩০০ | | অসংরক্ষিত | সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে অষ্টম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজীতে কাজ চালানোর জ্ঞান থাকা আবশ্যক। সরকারী স্বীকৃত বিদ্যালয় হইতে মাধ্যমিক অথবা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

**উপরিউক্ত স্থায়ী শূন্যপদগুলি কেবলমাত্র Group-C এর ক্ষেত্রে।**

বিশেষ দ্রষ্টব্য : ইং-৩০.১২.২০১১ তারিখে সরকারের ঘোষিত নোটিফিকেশন মোতাবেক বয়স প্রযোজ্য।

মোজাহারুল ইসলাম
পৌরপিতা
জঙ্গীপুর পৌরসভা



জঙ্গীপুরের গর্ব

আমাদের প্রতিষ্ঠান দুপুরে বন্ধ থাকে না

**জঙ্গীপুর গিনি হাউস**

শীততাপনিয়ন্ত্রিত শোরুম

গহনা ক্রয়ের উপরে ১২ মাস টাকা জমিয়ে ১ কিস্তি ফ্রি পাওয়া যায়।

আপনার প্রিয় শহর রঘুনাথগঞ্জ (দরবেশপাড়া), মুর্শিদাবাদ, Mob.-9434442169/9733893169

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ-রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ) পিন-৭৪২২২৫ হইতে স্বত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।